ভোরের কাগজ

তারিখ JAN. 12-1999
পৃষ্ঠা ৭ কলাম ৭

১৫৪

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

# বিজ্ঞপ্তি

নং-৩২০ তারিখ : ১০/০১/৯৯ইং

সংশ্লিষ্ট সকলের অবগতির লক্ষ্যে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন কোন স্থানে নতুন কলেজ প্রতিষ্ঠা করতে হলে বা স্বীকৃতিপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক শ্রেণী খুলতে হলে অথবা স্বীকৃতিপ্রাপ্ত ও অনুমতিপ্রাপ্ত কলেজে/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে কোন বিভাগ বা বিষয় খুলতে হলে সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে বোর্ডের সচিবের অনুকূলে নিম্নোক্ত হারে ব্যাংক ড্রাফটসহ নির্ধারিত ফরমে আগামী ২৮/০২/৯৯ইং তারিখের মধ্যে বোর্ডের কলেজ পরিদর্শকের নিকট আবেদন দাখিল করতে হবে।

নতুন কলেজ খোলার জন্য অনুমতি ফি ৫০০০/০০ (পাঁচ হাজার) টাকা, স্বীকৃতিপ্রাপ্ত ও অনুমতিপ্রাপ্ত কলেজে/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বিভাগ ও বিষয় খোলার ফি যথাক্রমে ৮০০/০০ (আটশত) টাকা (প্রতি বিভাগ) ও ৩০০/০০ (তিনশত) টাকা (প্রতি বিষয়)।

ইতিপূর্বে নতুন কলেজ প্রতিষ্ঠার লক্ষ্যে যারা আবেদন করেছিলেন, কিন্তু প্রয়োজনীয় শর্ত পূরণ না করায় অনুমতি পাননি তাঁরা শর্তাদি পূরণের প্রামাণ্য কাগজপত্রসহ পুনরায় নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে পারেন।

অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও অনুমতি ফিসের ড্রাফটবিহীন আবেদনপত্র বিবেচিত হবে না।

২৮/০২/১৯৯৯ তারিখের পরে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের জন্য নতুন কলেজ প্রতিষ্ঠা বা বিভাগ/বিষয় খোলার কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

প্রফেসর মোঃ আবদুল হামিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

ডিজি-২০/৯৯ (৪×২)